# নাচোল উপজেলা পরিষদের ৪৯তম সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ১৭.০৫.২০২৩ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.০০ মি. |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সভাপতি | ঃ | মোহাঃ আব্দুল কাদের<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| উপস্থিত সদস্যাবৃন্দ | ঃ | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য |

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ১৩.০৪.২০২৩খ্রিঃ তারিখের ৪৮তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং নিম্নলিখিত সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>
সংশোধনী ঃ<br>
গত ১৩.০৪.২৩খ্রি. তারিখের ৪৮তম সভায় উল্লেখিত প্রকল্প তালিকার 'ফতেপুর ইউনিয়নের ফুলবাড়ী বাজারের আলমের বাড়ীর সামনে সিঁড়িঘাট নির্মাণ, আশ্রয়ণ প্রকল্পসমূহে বনায়ণ কর্মসূচী, খিকটা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ ও গ্রামপুলিশ ও অন্যান্যদের ব্যবহারের জন্য নোটবুক বিতরণ' কাজগুলোর পরিবর্তে 'বহরইল পাকা রাস্তা থেকে জালাল উদ্দিনের বাড়ীমুখী রাস্তা এইচবিবি করণ-৫,০০,০০০/-' কাজটি প্রতিস্থাপিত হবে। সে সাথে উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষন/মেরামত কাজটি নিম্নোক্ত পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন করা হবে।
<table>
<tr><th>ক্র নং</th><th>নাম</th><th>পরিচিতি</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোঃ মশিউর রহমান</td><td>ভাইস চেয়ারম্যান</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোসাঃ জান্নাতুন নাইম মুন্নি</td><td>মহিলা ভাইস চেয়ারম্যান</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ সোহেল রানা</td><td>সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ পলাশ</td><td>গণ্যমান্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ রফিকুল ইসলাম</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মোঃ আকতারুল আলম</td><td>গণ্যমান্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>কামরুজ্জামান</td><td>সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
</table>
উপজেলা পরিষদের ৪৫তম সভায় এডিপি থেকে গৃহীত প্রকল্প তালিকার 'কসবা ইউপি'র উজিরপুর মাধ্যমিক বিদ্যালয়ে ১টি মোটরচালিত নলকূপ স্থাপন, ফতেপুর ইউনিয়নের আলিশাপুর দাখিল মাদ্রাসায় ১টি মটার স্থাপন, ১নং ওয়ার্ডের মোঃ শফিকুল (আতু) পিতাঃ মোঃ ফাকু মন্ডল, গ্রামঃ দিয়াড় খোলসী এর বাড়ির পার্শ্বে একটি মটার স্থাপন, ৬নং ওয়ার্ডের রাব্বানী, পিতাঃ মৃত মজিবুর, গ্রামঃ মাড়কৈল, এর বাড়ির পার্শ্বে একটি মটার স্থাপন, ৩নং ওয়ার্ডের ইউনুস, পিতাঃ মুসলিম উদ্দীন, গ্রামঃ ফতেপুর পশ্চিমপাড়া, এর বাড়ির পার্শ্বে একটি মটার স্থাপন এবং নেজামপুর ইউপির নেজামপুর উচ্চ বিদ্যালয়ে ১টি মোটর চালিত নলকূপ স্থাপন' কাজগুলোর পরিবর্তে যথাক্রমে 'পুকুরিয়াচন্ডি গ্রামের সবুর আলীর বাড়ীর পার্শ্বে ১টি, ফতেপুর ইউনিয়নের ফুরসেদপুর গ্রামের বিরেন্দ্র নাথ সরকারের বাড়ীর পার্শ্বে ১টি, ৬নং ওয়ার্ডের আরুল, পিতা-মৃত বিকল, মহল্লাঃ মাকৈল-এর বাড়ীর পার্শ্বে ১টি, ৪নং ওয়ার্ডের খালু মেকার, পিতাঃ ইসরাইল, গ্রামঃ সানপুর-এর বাড়ীর পার্শ্বে ১টি, গরিবুল্লাহ, পিতাঃ ইদ্রিশ আলী, গ্রামঃ ফতেপুর এর বাড়ীর বাড়ীর পার্শ্বে ১টি এবং নেজামপুর গ্রামের মোজম্মেল হক, পিতা-মশিউর রহমান এর বাড়ীর পার্শ্বে ১টি মোটরচালিত নলকূপ স্থাপন' কাজগুলো প্রতিস্থাপিত হবে।<br>
উপজেলা পরিষদের ৪৩তম সভায় উন্নয়ন তহবিল থেকে গৃহীত প্রকল্প তালিকার 'আব্দুল মজিদ, পিং- পচাই মন্ডল, পাহারপুর টিউবওয়েল স্থাপন' কাজের পরিবর্তে 'ফতেপুর ইউনিয়নের আব্দুল মজিদ, পিতা- নিয়াজ উদ্দীন, গ্রাম- গাজীপাড়া-এর বাড়ীর পার্শ্বে টিউবওয়েল স্থাপন' কাজটি প্রতিস্থাপিত হবে।
</td><td>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর পার্শ্বে বর্ণিত সংশোধনীগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি নাচোল</td></tr>
</table>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **প্রকৌশল বিভাগ ঃ**<br>উপজেলা প্রকৌশলী, নাচোল সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৫৪২, তারিখঃ ১০.০৭.২০১৭ ইং মোতাবেক উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুনগত মান নিশ্চিতকরণের নিমিত্ত একটি কমিটির রূপরেখা রয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক ইমারত/স্থাপনার নকশার ফি নির্ধারণ পূর্বক অনুমোদন দেওয়া যেতে পারে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের গত ২৭/১০/২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭. ৯৯.০০৪.১৫-১১৩০ সংখ্যক স্মারক পত্রে ৩০০/- (তিনশত) টাকা আবেদনপত্র ফি নির্ধারণ করে পত্র পাওয়া গিয়েছে ও আবাসিক/বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদন ফি প্রতি বর্গফুট ০১ (এক) টাকা হারে ধার্য করা হয়েছে। তবে ভবনের মেঝের আয়তন যাই হোক না কেন নকশা অনুমোদন ফি সর্বনিম্ন ৩০০০/- (তিন হাজার) টাকা এবং সর্বোচ্চ ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকার বেশি ধার্য করা যাবে না মর্মে মন্ত্রণালয় থেকে নির্দেশনা দেয়া হয়েছে। প্রাপ্ত ফি থেকে কমিটির ব্যয়ভার মিটানোর পর উদ্ধৃত অর্থের ৫০% উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে এবং ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তহবিলে স্থানান্তর করা হবে। প্রাপ্ত ফি সংরক্ষণের জন্য উপজেলা চেয়ারম্যান (সভাপতি) ও উপজেলা সহকারী প্রকৌশলী (সদস্য সচিব) এর যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর এই মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় যে,<br>১। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী আবাসিক/বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদন নিশ্চিত করতে হবে।<br>২। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৩। নাচোল উপজেলা পরিষদ থেকে ইমারত/স্থাপনার নকশা এবং ভবনের নকশা অনুমোদনের পর প্রাপ্ত ফি-এর টাকা জমাদানের জন্য এক্সিম ব্যাংক লিমিটেড, নাচোল উপ-শাখায় "নাচোল উপজেলা ইমারত/স্থাপনার নকশা অনুমোদন ফি" শিরোনামে ০১ (এক)টি হিসাব খুলতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল<br>২। ইউপি চেয়ারম্যান, সকল<br>৩। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, নাচোল |
| **স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল |
| **কৃষি বিভাগঃ**<br>উপজেলা কৃষি অফিসার, নাচোল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নাচোল |
| **মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাচোল |
| **প্রাণীসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, নাচোল |
| **শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবেই চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, নাচোল |
| **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবেই চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল |
| **সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় এপ্রিল/২৩ মাসের কার্যক্রম পেশ করেনঃ মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৩৫২৩১ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ঃ ২৮২৬৯ জন; পদ্ধতি গ্রহণকারীর হার ঃ ৮০.২৪%, চলতি মাসে স্থায়ী ঃ পুরুষ ০ জন, মহিলা ০৭ জন, মোট = ০৭ জন; মা ও শিশুর স্বাস্থ্য সেবাঃ গর্ভবতী পরিচর্যা ৩১০ জন, গর্ভোত্তর পরিচর্যা ৬০ জন, শিশুর পরিচর্যা ৪৮১ জন, সাধারণ রোগী ২০১১জন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাচোল |

চলমান পাতা-৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **পল্লী উন্নয়ন বিভাগ ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে আবর্তক ৩৪.৭৭ লক্ষ, ব্যাংক ঋণ ৯৩.৭৪ লক্ষ, নিজস্ব তহবিল ৩২.৫৫ সদাবিক ৩১.০২ লক্ষ, বীর মুক্তিযোদ্ধা ২.৪৫ লক্ষ, অপ্রধান শস্য প্রকল্পে ৪৭.৮৭ লক্ষ, গুচ্ছগ্রাম ২য় পর্যায় প্রকল্প থেকে ১.৫০ লক্ষ টাকা এবং পল্লী প্রগতি কর্মসূচি ৫.২৫ লক্ষ টাকা সহ মোট ২৪৯.১৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে আদায় করা হয়েছে ২১২.৬৯ লক্ষ টাকা। বিতরণ ও আদায় সন্তোষজনক। পিআরডিপি-৩ প্রকল্পে ২০২২-২০২৩ অর্থ বছরে ২০ টি স্কীমের বরাদ্দ পাওয়া গিয়াছে। গ্রাম উন্নয়ন কমিটি ও ইউনিয়ন সমন্বয় কমিটির প্রস্তাবের ভিত্তিতে ১০ টি প্রকল্প উপপরিচালক, বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর ১০ টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। অন্য ১০টির কাজও চলমান। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **বিএমডিএ বিভাগঃ**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন |
| **বন বিভাগ ঃ**<br>উপজেলা বন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, নাচোল |
| **আনসার ও ভিডিপি বিভাগঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল |
| **খাদ্য বিভাগ ঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল |
| **পরিসংখ্যান বিভাগঃ**<br>উপজেলা পরিসংখ্যান অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **পল্লী সঞ্চয় ব্যাংকঃ**<br>উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |

চলমান পাতা-৪

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **পল্লী বিদ্যুৎ বিভাগ ঃ**<br>ডিজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **তথ্য আপা প্রকল্প ঃ**<br>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না। | - | - |
| **বিবিধ ঃ**<br>(ক) চেয়ারম্যান, ২নং ফতেপুর ইউপি, নাচোল সভায় জানান যে, বর্ষাকালে গ্রামীণ রাস্তার দুই ধারের মাটি অতিবর্ষণের ফলে ভেঙ্গে যায়। ফলে রাস্তাগুলো ক্ষতিগ্রস্থ হচ্ছে। প্রতিউত্তরে উপজেলা প্রকৌশলী, নাচোল জানান যে, বাৎসরিক চুক্তিতে কর্মী নিয়োগ দেয়া আছে। তারা নিয়মিত বিভিন্ন রাস্তায় মাটির কাজ করছে। এছাড়াও কর্তৃপক্ষকে নির্দিষ্ট করে জানালে ব্যবস্থা নেয়া হবে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর বর্ষাকালে গ্রামীণ রাস্তাগুলোর প্রতি বিশেষ দৃষ্টি রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি নাচোল |
| (খ) চেয়ারম্যান, ৩নং নাচোল ইউপি সভায় জানান যে, গণইর-ভোলামোড় রাস্তার পার্শ্বে বেশ কিছু মরা ঝুঁকিপূর্ণ গাছ রয়েছে। অতিসত্ত্বর গাছগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক মরা ঝুঁকিপূর্ণ গাছগুলো সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নাচোল |
| (গ) চেয়ারম্যান, ১নং কসবা ইউপি সভায় জানান যে, কালইর বাজারের সোলার স্ট্রীট লাইটটি নষ্ট হয়ে পড়ায় রাতে বাজারের দোকানপাটের নিরাপত্তা হুমকির সম্মুখিন। অতিসত্ত্বর লাইটটি মেরামত অথবা পরিবর্তন করা প্রয়োজন। এছাড়াও সম্প্রতি সড়ক ও জনপদ বিভাগ কর্তৃক নাচোল-রহনপুর সড়ক প্রশস্ত করা হয়েছে। কিন্তু বিভিন্ন জায়গায় সড়কের দুই ধার এতটাই নিচু করা হয়েছে যে বর্ষাকালে পানি জমে অল্প সময়ের মধ্যেই রাস্তা ভেঙ্গে পড়বে এবং পাশাপাশি যানবাহন চলাচলেও বিঘ্ন সৃষ্টি হচ্ছে। যা সত্যিই দুঃখজনক। এ বিষয়ে তিনি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নাচোল-রহনপুর সড়ক প্রশস্তকরণে যে অনিয়ম ঘটেছে তা যথাযথ কর্তৃপক্ষকে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নাচোল |
| (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, নাচোল সভায় জানান যে, এ উপজেলা পরিষদ চত্ত্বরের একটি পুরাতন ভবনে নাচোল উপজেলা স্কুলের পাঠদান কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। কিন্তু ভবনটি জরাজীর্ণ ও ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় যে কোন সময় দুর্ঘটনার আশংকা রয়েছে। যেহেতু কোমলমতি ছাত্র-ছাত্রীদের পাঠদান কার্যক্রম পরিচালনা করা ঝুঁকিপূর্ণ সেহেতু অতিসত্ত্বর বিদ্যালয়ের সকল কার্যক্রম বিদ্যালয়ের নতুন ভবনে স্থানান্তর করা প্রয়োজন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর নাচোল উপজেলা স্কুলের সকল কার্যক্রম আগামী ৩১ জুলাই ২০২৩খ্রি. তারিখের মধ্যে বিদ্যালয়ের নতুন ভবনে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নাচোল ও প্রধান শিক্ষক, নাচোল উপজেলা স্কুল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/৫/২৩

(মোহাঃ আব্দুল কাদের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

চলমান পাতা-৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০৫৬.০০০.০৫.০৮০.২৩-১৯/১(৪০)　　　　তারিখ ঃ ০৮.০৬.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ ও উপদেষ্টা, নাচোল উপজেলা পরিষদ।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

০৬। সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

০৭। মেয়র, নাচোল পৌরসভা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

০৯। উপজেলা ............................................. কর্মকর্তা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

১০। চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউ,পি ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

১১। ........................................................................................., নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

৮/০৬/২৩

(মোহাইমেনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

# উপজেলা পরিষদ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

সভা নং ঃ ৪৯

সভার তারিখ ঃ ১৭.০৫.২০২৩খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ মিঃ

স্বাক্ষরের ক্রমানুসারে

পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | সদস্যদের নাম ও পদবী |
|---|---|
| ১. | জনাব মোহাইমেনা শারমীন, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২. | জনাব মোঃ আব্দুর রশিদ, মেয়র, নাচোল পৌরসভা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৩. | জনাব মোঃ মশিউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নাচোল,চাঁপাইনবাবগঞ্জ |
| ৪. | জনাব মোঃ বুলবুল আহমেদ, উপজেলা কৃষি অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৫. | জনাব ডাঃ সুলতানা পাপিয়া, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৬. | জনাব আলী হোসেন শামীম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৭. | জনাব মোঃ আবুল কাশেম ওবাইদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৮. | জনাব মোঃ হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৯. | জনাব শাহ মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন, চাঁপাইনবাবগঞ্জ |
| ১০. | জনাব মোঃ আবু তালেব, অফিসার ইন চার্জ, নাচোল থানা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১১. | জনাব মোসাঃ জান্নাতুন নাইম মুন্নি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নাচোল,চাঁপাইনবাবগঞ্জ |
| ১২. | জনাব ডাঃ নাঈমা আক্তার পাপিয়া, উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৩. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্যানেল চেয়ারম্যান, নেজামপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৪. | জনাব ডাঃ মোঃ আশিকুর রহমান, প্রাণীসম্পদ সম্প্রসারন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৫. | জনাব মোঃ জাকারিয়া আল মেহরাব, চেয়ারম্যান, কসবা ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৬. | জনাব মোঃ সফিকুল ইসলাম, চেয়ারম্যান, নাচোল ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৭. | জনাব মোঃ ইসমাইল হক, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৮. | জনাব মোঃ শাহিনুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১৯. | জনাব মৃণাল কান্তি সরকার, উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২০. | জনাব নরোত্তম কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২১. | জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা বন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২২. | জনাব মোসাঃ সুফিয়া খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |

## উপজেলা পরিষদ সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ

পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | সদস্যদের নাম ও পদবী |
|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৪. | উপজেলা সমবায় অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৫. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৬. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৭. | উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৮. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১০. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ১২. | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |